# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২০৪২

৫/ হাজ্জ (হজ্জ/হজ) (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১০০. কবর যিয়ারাত

بَابُ زِيَارَةِ الْقُبُورِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، قَرَأْتُ عَلَى عَبْدِ اللَّهِ بْنِ نَافِعٍ، أَخْبَرَنِي ابْنُ أَبِي ذِئْبٍ، عَنْ سَعِيدٍ الْمَقْبُرِيِّ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَا تَجْعَلُوا بُيُوتَكُمْ قُبُورًا، وَلَا تَجْعَلُوا قَبْرِي عِيدًا، وَصَلُّوا عَلَيَّ فَإِنَّ صَلَاتَكُمْ تَبْلُغُنِي حَيْثُ كُنْتُمْ

صحيح

বাংলা

২০৪২। আবূ হুরাইরাহ (রাযি.) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা তোমাদের ঘরগুলোকে কবরস্থানে পরিণত করো না এবং আমার কবরকে উৎসবের স্থানে পরিণত করো না। তোমরা আমার উপর দরূদ পাঠ করো। তোমরা যেখানেই থাকো না কেন তোমাদের দরূদ আমার কাছে পৌঁছানো হবে।[1]

সহীহ।

## English

Narrated AbuHurayrah:

The Prophet (ﷺ) said: Do not make your houses graves, and do not make my grave a place of festivity. But invoke blessings on me, for your blessings reach me wherever you may be.

ফুটনোট

[1]. আহমাদ, বায়হাক্বীর শু‘আবুল ঈমান।

## হাদিসের শিক্ষা

* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। বাড়িগুলির মধ্যে নফল নামাজ, আল্লাহর জিকির, দোয়া এবং পবিত্র কুরআন পাঠ করা হতে বিরত থাকা উচিত নয়। সুতরাং বাড়িগুলিকে এই সমস্ত আমল হতে বিরত রেখে কবরস্থানের সমতুল্য করে রাখা বৈধ নয়।

২। এই হাদীসটি আল্লাহর রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] এর কবরকে ঈদের মত জনসমাবেশে বা উৎসব স্থলে পরিণত করতে নিষেধ করেছে। যাতে মানুষের কষ্ট না হয়। অথবা তারা যেন নাবী কারীম [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] এর অতিশয় সম্ভ্রম বা সম্মান করতে গিয়ে তাতে সীমা অতিক্রম না করে।

৩। এই হাদীসটির দ্বারা এটা প্রমাণিত হয় যে, আল্লাহর রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] এর সমাধি বা কবরের জন্য অথবা অন্যান্য কবরের জন্য সফর করা নিষিদ্ধ; কেননা কোনো কবরের জন্য সফর করার অর্থই তো হলো সেই কবরকে ঈদের মত জনসমাবেশে বা উৎসব স্থলে পরিণত করা।

৪। মুসলিম ব্যক্তির জন্য এটা উচিত যে, সে যেন আনন্দের সহিত, ভালোবাসার সহিত এবং সম্মানের সহিত আল্লাহর রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] এর প্রতি অধিকতর সালাত বা দরূদ পাঠ করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=59410

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন